



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়

মডস্ সার্কেল-২, ঢাকা ওয়াসা।

ওয়াসা ভবন (১০ম তলা), কক্ষ নং-১০০৮

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

মোবাইলঃ ০১৭২১-০৩৫৮৬১, টেলিফোনঃ ০২-৫৫০১২০০৬, পিবিএক্সঃ ৪০৭, ই-মেইলঃ modscircle2dwas@gmail.com

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চারি
আপনার হাতে

স্মারক নং ৪৬.১১৩.৪১১.০০.০০. ১১.২০২৬

তারিখঃ ২৫ / ০১ / ২০২৬

“সভার কার্য-বিবরণী”


গত ১৫/০১/২০২৬ইং তারিখ বুধবার সকাল-১১.০০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ঢাকা ওয়াসার মাল্টিপারপাস হল শীতলক্ষ্যায় “ও এন্ড এম উইং” এর মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন এবং উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”তে দেয়া হলো। সভায় ঢাকা ওয়াসার “ও এন্ড এম উইং” এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	কার্যক্রম
১.	ক্রোরিনেশন সিস্টেম চালু রাখা	আসন্ন রমজান ও শুক্ল মৌসুম মোকাবেলায় সরবরাহকৃত পানিতে ময়লা বা লার্ভা দূরীকরণে পানিতে যথোপযুক্ত ক্রোরিনেশন সিস্টেম চলমান রাখতে হবে। মডস্ জোন হতে পানির পাম্পের ক্রোরিনেশন সিস্টেম-এর তথ্য অর্থ্যাৎ সচল বা অচলের তথ্য সরাসরি এস ও সি বিভাগকে অবহিত করবে। এ বিষয়ে এস ও সি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং জোন কর্তৃক ইহার অপারেশন নিশ্চিত করাসহ অবশিষ্ট ক্রোরিন নিয়মিত পরিমাপ করবে এবং ইহার প্রতিবেদন দাখিল করতে হবে।	এস ও সি বিভাগ ও সকল মডস্ জোন সমূহ
২.	জেনারেটর সচল রাখা	বিদ্যুৎ বিভ্রাট/হাই-ভোল্টেজ/লো-ভোল্টেজের সময় পানি সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে ফিল্ড ও মোবাইল জেনারেটরগুলো শতভাগ সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। জেনারেটরের ব্যাকআপ রাখার জন্য বিকল্প ব্যবস্থা রাখতে হবে। নিয়মতান্ত্রিকভাবে সার্ভিস এর আওতায় আনাসহ জোন অফিস ও জেনারেটর বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবে। ঢাকা ওয়াসার স্থায়ী ও মোবাইল জেনারেটরগুলোকে Re-Arrange করা এবং প্রতি ১৫ দিনে ০১ বার ০১ ঘন্টা করে টেষ্ট রান করতে হবে। এ বিষয়ে সিডিউল অনুযায়ী হয়েছে কিনা তা পররবর্তী সভায় উপস্থাপন করতে হবে। প্রতিটি জোন এ বিষয়ে মনিটরিং করবে।	জেনারেটর বিভাগ ও সকল মডস্ জোন সমূহ
৩.	মডস্ জোনের সাথে প্রকল্পগুলোর সমন্বয় করা	যেসকল গভীর নলকূপের প্রতিস্থাপন/রি-হ্যাভিলিটেশন/রি-জেনারেশন কাজ চলমান রয়েছে তা আগামী ফেব্রুয়ারীর মধ্যে তথা আসন্ন রমজান ও শুক্ল মৌসুম শুরুর পূর্বে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে অবশ্যই মডস্ জোনের সাথে প্রকল্পগুলোর সমন্বয় সাধন করতে হবে। উল্লেখ্য যে, প্রয়োজনানুযায়ী ছোট রিগ দিয়ে হলেও গভীর নলকূপের স্থাপন/প্রতিস্থাপন সংক্রান্ত কাজ সম্পন্ন করার বিষয়টি ঠিকাদারের চুক্তিতে সংযুক্ত করতে হবে।	পানি (পূঃ ও উঃ) সার্কেল ও সকল মডস্ জোন।
৪.	পানির পাম্প পরিদর্শন করা	সংশ্লিষ্ট মডস্ জোন/অফিস/ প্ল্যান্টগুলো এমনকি পানির পাম্প কম্পাউন্ড সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ- সহকারী প্রকৌশলী কর্তৃক নিয়মিত পরিদর্শন করতে হবে, যাতে সংশ্লিষ্ট সকলে যথাযথ দায়িত্ব পালনে সচেষ্ট হতে পারে।	সকল মডস্ জোন/বিভাগ/প্ল্যান্ট, ঢাকা ওয়াসা।
৫.	SCADA-এর সক্ষমতা বাড়ানো	ঢাকা ওয়াসার প্রতিটি পানির পাম্পকে SCADA-এর মাধ্যমে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা ত্বরান্বিত করতে হবে। SCADA যুক্ত পানির পাম্প অপারেট করার জন্য প্রয়োজনের সাথে সামঞ্জস্য রেখে SCADA Engineer চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের ব্যবস্থা নিতে হবে। DWSNIP প্রকল্প হতে পাম্প স্থাপনাধীন SCADA স্থাপনের নিদিষ্ট সময়সীমা জানতে হবে এবং দ্রুত কাজ শেষ করে জোনের নিকট হস্তান্তর করার ব্যবস্থা নিতে হবে।	উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন), প্রধান প্রকৌশলী, সকল মডস্ জোনসমূহ।
৬.	জনবল	বিভিন্ন মডস্ জোনগুলোতে জনবলের সংকট রয়েছে, বিশেষ করে গাড়ী চালক, হেলপার, পয়ঃ পরিদর্শক, PLM, PLI ইত্যাদি। তৎপ্রেক্ষিতে, জরুরীভাবে এ সকল কাজে দক্ষ জনবল নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেসকল জোন/বিভাগে অপ্রয়োজনীয় লোকবল রয়েছে তার তথ্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)-এর নিকট দিতে হবে এবং সে আলোকে প্রয়োজনীয় জোন/বিভাগে বদলী করার ব্যবস্থা নিতে হবে।	মডস্ সার্কেল-১/২, সকল মডস্ জোন ও সচিব, ঢাকা ওয়াসা।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	কার্যক্রম
৭.	সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর পোষ্টিং দেয়া	বিভিন্ন জোন/বিভাগে প্রয়োজনের তুলনায় কর্মরত সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী সংখ্যা কম রয়েছে বিধায় জোন/বিভাগের চাহিদা মোতাবেক সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলীদের সমন্বয় করে পোষ্টিং দিতে হবে	মডস্ সার্কেল-১/২, সকল মডস্ জোন ও সচিব।
৮.	পানির পাম্পের বিদ্যুৎ সংযোগ	নতুন স্থাপিত/প্রতিস্থাপিতসহ প্রতিটি পানির পাম্প বিদ্যুৎ সংযোগের মাধ্যমে চালু রাখা নিশ্চিত করতে হবে।	পানি (পূঃ ও উঃ) সার্কেল ও সকল মডস্ জোন।
৯.	পানির পাম্পের নিরাপত্তা নিশ্চিত করা	সম্প্রতি বিভিন্ন মডস্ জোনের পানির পাম্পের বৈদ্যুতিক ক্যাবল চুরি রোধকল্পে পাম্প অপারেটরদের সঠিক দায়িত্ব পালনের পাশাপাশি পাম্পের নিরাপত্তা বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এ লক্ষে ঢাকা ওয়াসা সিবিএ-এর সাথে আলোচনার মাধ্যমে সমাধান করতে হবে।	উপ-প্রধান নিরাপত্তা ও গোয়েন্দা কর্মকর্তা, সকল মডস্ জোন সমূহ ও জাতীয়তাবাদী এমপ্লয়িজ ইউনিয়ন-সিবিএ।
১০.	এ্যাডভাইজরী ও মনিটরিং টিমের কার্যক্রম ত্বরান্বিত করা	আসন্ন রমজান ও শূক্ মৌসুম মোকাবেলায় ঢাকা ওয়াসা হতে গঠিত এ্যাডভাইজরী ও মনিটরিং টিমগুলোকে রাতের বেলায়ও মনিটরিং এর আওতায় আনতে হবে, উপ-সহকারী, সহকারী ও নির্বাহী প্রকৌশলীসহ পরিদর্শন করতে হবে এবং উক্ত রিপোর্ট Apps এ Share করতে হবে।	আহবায়ক, এ্যাডভাইজরী ও মনিটরিং টিমসমূহ এবং সকল মডস্ জোনসমূহ
১১.	রেশনিং করে পানি সরবরাহ করা	ঢাকা ওয়াসার পানি স্বল্পতা এলাকায় প্রয়োজনানুযায়ী রেশনিং করে চালানোর ব্যবস্থা নিতে হবে।	সকল মডস্ জোনসমূহ
১২.	পানির NRW নিরূপন করা	ঢাকা ওয়াসার সরবরাহকৃত পানির Non Revenue Water (NRW) এর সঠিক হিসাব প্রনয়নের লক্ষ্যে Surface Water Production কত হচ্ছে এবং কোন কোন SWIP চেম্বার দিয়ে কি পরিমাণ পানি নেয়া হচ্ছে তা নিরূপনের জন্য DMA Manager/Deputy Manager এর সমন্বয়ে পরিদর্শনপূর্বক রিপোর্ট সম্পন্ন করতে হবে। এই রিপোর্ট প্রতি মাসে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রদান করতে হবে। এক্ষেত্রে বর্তমানে কর্মরত DMA Manager/ Deputy Manager এর দ্বারা পরিদর্শনকাজ সংকুলান না হলে চুক্তিভিত্তিক নতুন DMA Manager/Deputy Manager নিয়োগ দিতে হবে।	উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) ও সকল মডস্ জোনসমূহ
১৩.	ফ্লো-মিটার মেরামত ও স্থাপন করা	পানির পাম্পে স্থাপিত নষ্ট/অচল ফ্লো-মিটার মেরামত এবং যেসকল পাম্পে ফ্লো-মিটার নাই দ্রুত স্থাপনের ব্যবস্থা নিতে হবে।	মিটার বিভাগ ও সকল মডস্ জোনসমূহ
১৪.	LIC-তে পানি সরবরাহ সচল রাখা।	ঢাকা শহরের বস্তি এলাকায় Low Income Community (LIC)-তে আগামী শূক্ মৌসুমে পানি সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।	মডস্ জোন-৪,৫,১০
১৫.	আবাসিক মিটার সংগ্রহ করা	গ্রাহক পর্যায়ে ২০ মিঃ মিঃ, ২৫ মিঃ মিঃ ও ৩৭ মিঃ মিঃ ব্যাসের আবাসিক পানির মিটারের স্বল্পতা রয়েছে, অতিদ্রুত বিভিন্ন ব্যাসের আবাসিক পানির মিটার সংগ্রহ করার ব্যবস্থা নিতে হবে।	সংগ্রহ বিভাগ-১ ও ২ এবং সকল মডস্ জোনসমূহ
১৬.	ব্রেক ডাউন টিমের লোকবল বৃদ্ধি করা	প্রতিটি জোনের গভীর নলকূপ ব্রেক ডাউন দ্রুত সমাধান করার জন্য ব্রেক ডাউন মেরামত টীমে লোকবল বাড়ানোর ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনের টিমের সংখ্যা বাড়তে হবে।	এফ.এম বিভাগ- ১/২
১৭.	পানির Quality রক্ষা ও পানি দূষণ রোধ	ঢাকা ওয়াসার সরবরাহকৃত পানির Quality রক্ষার্থে পানি দূষণ রোধ, গ্রাহক রিজার্ভার পরিষ্কার করার ব্যাপারে গ্রাহককে সচেতন করা, লিকেজ ম্যানেজমেন্ট জোরদার করা এবং এ বিষয়ে ঢাকা ওয়াসার সেন্ট্রাল ল্যাবরেটরী ও জোনসমূহ SOP অনুসরণে গৃহীত কার্যক্রমের রিপোর্ট প্রতিনিয়ত প্রকাশ করতে হবে।	উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা ও উপ-প্রধান মাইক্রোবায়োলজিস্ট
১৮.	পানির গুণগত মান ঠিক করা	Water Quality Monitoring কার্যক্রম Standard Operating Procedure (SOP)-এর আওতায় করতে হবে।	সকল মডস্ জোনসমূহ ও প্ল্যান্ট সমূহ
১৯.	ও এন্ড এম উইং এর সভার উদ্বোধন	চলতি “ও এন্ড এম উইং” এর সভার আলোচ্য বিষয়ের আলোকে সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করা এবং পূর্বের সভার অগ্রগতির বিষয়টি একত্রিত করে পরবর্তী সভায় একটি Presentation আকারে উপস্থাপন করতে হবে। ও এন্ড এম উইং মিটিং নির্ধারিত সময় অর্থাৎ প্রতিমাসের ১ম সপ্তাহে আয়োজন করার ব্যবস্থা নিতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস্ সার্কেল-২, ঢাকা ওয়াসা।
২০.	Fire Safety কার্যক্রম বাজেটের আওতা ভুক্ত করা	ঢাকা ওয়াসা ভবনসহ প্রতিটি জোন অফিসগুলো পরিষ্কার পরিচ্ছন্নতার আওতায় আনাসহ সামগ্রিক Fire Safety-এর সংক্রান্ত কার্যক্রম সিভিল মেনটেইন্যান্স	সি.এম বিভাগ, ঢাকা ওয়াসা।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	কার্যক্রম
		(CM Division) বিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য Fire Safety সংক্রান্ত খাত বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।	
২১.	পাম্প হাউজে নিরাপত্তা জোরদার করা	পানির পাম্পের বৈদ্যুতিক ক্যাবল চুরি রোধকল্পে অরক্ষিত পানির পাম্প হাউজগুলো সংশ্লিষ্ট মডস্ জোনের সহায়তায় তালিকা প্রস্তুত করতঃ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।	মডস্ জোন সমূহ, ঢাকা ওয়াসা।
২২.	নতুন পানির গাড়ী ক্রয়	পানির গাড়ী ক্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের জারী করা পরিপত্রের আলোকে ১০ বছরের অধিক পুরাতন পানির গাড়ীর সংগ্রহ করার ব্যবস্থা নিতে হবে, তৎপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার পরিবহন পুলের মাধ্যমে প্রয়োজনীয় ডাটা সংগ্রহ করতে হবে।	সংগ্রহ বিভাগ, সকল মডস্ জোন সমূহ ও পরিবহন পুল।
২৩.	টাক্সফোর্স টীমের কার্যক্রম	ঢাকা ওয়াসার অপারেশন এন্ড মেইনটেনেন্স-এর বিল প্রদানের ক্ষেত্রে অবশ্যই টাক্সফোর্সের রিপোর্ট সহ বিল প্রদান করবে, উক্ত কমিটি সর্বোচ্চ ০৫ কর্ম দিবসের মধ্যে রিপোর্টসহ ফাইল প্রেরণ করবে। শুধু মাত্র ০৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক মূল্যের ফাইলগুলো টাক্সফোর্স কমিটিতে প্রেরণ করতে হবে। তবে অনধিক ০৫ (পাঁচ) লক্ষ টাকা মূল্যের ফাইলগুলো কাজ শেষে সংশ্লিষ্ট সার্কেল প্রধানের মতামত সাপেক্ষে বিল হিসাব বিভাগে প্রেরণ করতে হবে।	সকল টাক্সফোর্স টীম ও সকল মডস্ জোনসমূহ

অতপরঃ আর কোন আলোচনা না থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
 ব্যবস্থাপনা পরিচালক
 ঢাকা ওয়াসা।

অনুলিপিঃ

১. উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানব সম্পদ ও প্রশাসন/আর পি এন্ড ডি/ও এন্ড এম/অর্থ), ঢাকা ওয়াসা।
২. প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আর পি এন্ড ডি), ঢাকা ওয়াসা।
৪. সচিব, ঢাকা ওয়াসা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস্ সার্কেল-১/২/RPE&M/SMWC/W&STC, ঢাকা ওয়াসা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক....., ঢাকা ওয়াসা।
৭. আহবায়ক, এডভাইজরী ও মনিটরিং টিম, মডস্ জোন-....., ঢাকা ওয়াসা।
৮. প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব বিভাগ, ঢাকা ওয়াসা।
৯. নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, ঢাকা ওয়াসা।
১০. নির্বাহী প্রকৌশলী, ... , ঢাকা ওয়াসা।
১১. উপ-সচিব, প্রশাসন বিভাগ-১/২, ঢাকা ওয়াসা।
১২. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-....., ঢাকা ওয়াসা।
১৩. উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা/কো-অর্ডিনেশন অফিসার, ঢাকা ওয়াসা।
১৪. পি.এ টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
১৫. অফিস কপি।